গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(www.mochta.gov.bd)

**পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন 'Integrated Hill Tracts Digital Service Delivery Platform' সংক্রান্ত সফটওয়্যার তৈরির নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক উপস্থাপিত Status update on Hill Tracts Re-visit for requirement analysis and document collection বিষয়ক পর্যালোচনা সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সচিব<br>পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় |
| সভার স্থান | : | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ০৪/০৮/২০২২ খ্রি.; বেলা ০৩.০০ টা |
| সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভায় বলেন যে, মন্ত্রণালয়ে ইতোমধ্যে নতুন কর্মকর্তা যোগদান করেছেন তাই ডিজিটাল প্লাটফর্ম তৈরির কার্যক্রম শুরু থেকে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট পরামর্শক প্রতিষ্ঠানের দৃষ্টি আকর্ষণ করেন এবং যিনি বক্তব্য প্রদান করবেন তার পরিচয় দিয়ে আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান। এ পর্যায়ে পরামর্শক প্রতিষ্ঠান Dream 71- Leads Corporation Ltd. JV এর প্রতিনিধি Leads Corporation Ltd এর প্রকল্প পরিচালক জনাব আশরাফ সিদ্দিকী তার পরিচয় দিয়ে আলোচ্য বিষয়ের উপর সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন এবং সম্পূর্ণ বিষয়টি উপস্থাপনের জন্য Dream 71এর প্রজেক্ট ম্যানেজার জনাব এস.এইচ.এম আরাফাত-কে অনুরোধ জানান। জনাব এস.এইচ.এম আরাফাত সভাকে জানান যে, গত ২২/০৬/২০২১ তারিখ মন্ত্রণালয় ও পরামর্শক প্রতিষ্ঠানের মধ্যে ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম তৈরির জন্য চুক্তি হয়। মন্ত্রণালয়ের সাথে চুক্তি অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষ্যে Scheme Service Management এবং Social Safety Net সংক্রান্ত সফটওয়্যার প্রস্তুত করার সিদ্ধান্ত ছিল। কিন্তু Social Safety Net এর কিছু তথ্য উপাত্ত সঠিক সময়ে না পাওয়ায় সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী Social Safety Net এর পরিবর্তে Training & Scholarship Management সংক্রান্ত সফটওয়্যার তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে SRS (Software Requirements Specification) প্রস্তুতের নিমিত্ত গত ২২-২৩ সেপ্টেম্বর ২০২১ তারিখ মন্ত্রণালয়ের আওতাধীন পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি কার্যালয়ে ০২ (দুই) দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। পরবর্তীতে মডিউলসমূহের বিষয়ে কিছু তথ্যাদির প্রয়োজন হলে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে ভার্চুয়ালি এবং সরাসরি একাধিক সভায় তথ্যাদি সংগ্রহের কার্যক্রম পরিচালিত হয়। মন্ত্রণালয়ের Stakeholder হিসেবে সংস্থাসমূহ হতে তথ্য-উপাত্ত সংগ্রহের জন্য যোগাযোগ করা হলে সংস্থাসমূহ মন্ত্রণালয়ের অনুমতিক্রমে তথ্যাদি সরবরাহ করবে মর্মে তাদের অবহিত করেন। মন্ত্রণালয়ের অনুমতিক্রমে পরামর্শক প্রতিষ্ঠান গত ২১ জুন, ২০২২ থেকে ০৮ জুলাই, ২০২২ পর্যন্ত তিন পার্বত্য জেলার অফিসসমূহে নির্ধারিত বিষয়ের উপর আলোচনাপূর্বক তথ্যাদি সংগ্রহ করে। তথ্য সংগ্রহের ক্ষেত্রে তিন পার্বত্য জেলায় মোট ১০টি অফিস, ৪০টি এর অধিক ডেস্ক, ১০টি কার্বারি/হেডম্যান অফিসে যোগাযোগ করা হয়। তিনি আরও জানান, তথ্য সংগ্রহের পর প্রত্যেকটি মডিউলের কিছু বিষয়ে পরিষ্কার ধারণা পাওয়ার জন্য মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের নির্দেশনা প্রয়োজন। যে সকল মডিউলের সংগৃহীত তথ্য-উপাত্তে সিদ্ধান্ত প্রয়োজন তা নিম্নরূপ:

| ক্রম নং | মডিউলের নাম | যে সকল বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন |
|---|---|---|
| ১. | Scheme Service Management | DPP & RDPP প্রণয়ন প্রক্রিয়া এবং দরপত্র পদ্ধতি যেমন OTM, LTM ইত্যাদি অনুসরণ প্রক্রিয়া |
| ২. | Social Safety Net | যে সকল প্রোগ্রামের সদস্য সংখ্যা নির্দিষ্ট সেখানে সদস্য সংখ্যা পরিবর্তন বা হালনাগাদ হয় কিনা এবং তার নীতিমালা |
| ৩. | NGO Service | যে প্রতিষ্ঠান কার্যক্রমটি শুর করবে তার নাম |

| ক্রম নং | মডিউলের নাম | যে সকল বিষয়ে সিদ্ধান্ত প্রয়োজন |
|---|---|---|
| ৪. | ক) Scholarship & Training-Scholarship module | বৃত্তি প্রদান বিষয়ক নীতিমালা |
| | খ) Scholarship & Training-Training module | Muktopaath সহ অন্যান্য অনলাইন প্রশিক্ষণ প্লাটফর্মে যুক্ত হওয়া |
| ৫. | Accommodation Service Management System | বিশ্রামাগার/বাসস্থান ব্যবহার প্রদান সংক্রান্ত নীতিমালা |
| ৬. | License & NOC | পার্বত্য জেলা পরিষদসমূহে লাইসেন্স ফি প্রদান |
| ৭. | Recruitment | তিন পার্বত্য জেলা পরিষদের হস্তান্তরিত বিভাগসমূহের নিয়োগ সংক্রান্ত তথ্য |

২। জনাব এস.এইচ.এম আরাফাত সভায় আরো জানান যে, উক্ত মডিউলসমূহে তৃতীয় পক্ষের সফটওয়্যার হিসেবে ই-নথি, ই-জিপি, আইবাস++, জিআরএস, মুক্তপাঠ ইত্যাদি অন্তর্ভুক্তকরণের জন্য সংস্থাসমূহের প্রতিনিধিগণকে অনুরোধ জানানো হয়। কিন্তু সংস্থাসমূহের প্রতিনিধিগণ সফটওয়্যারের মডিউলে তা অন্তর্ভুক্ত করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করতে পারেননি। সভাপতি আলোচ্য বিষয়সমূহের অগ্রগতির বিষয়ে সংস্থাসমূহের প্রধান হিসেবে চেয়ারম্যান/ভাইস-চেয়ারম্যান/মুখ্য নির্বাহী কর্মকর্তা/প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে আলোচনা হয়েছে কিনা তা পরামর্শক প্রতিষ্ঠানের প্রতিনিধির কাছে জানতে চান। এ পর্যায়ে জনাব এস.এইচ.এম আরাফাত জানান যে, বিষয়ওয়ারী সিদ্ধান্তের জন্য সংস্থাসমূহের প্রধানদের সাথে কোন আলোচনা হয় নি। সভাপতি উক্ত মডিউলসমূহের সিদ্ধান্তের বিষয়ে সংস্থাসমূহের প্রতিনিধিগণের সাথে আলোচনা করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। Dream 71 এর ব্যবস্থাপনা পরিচালক জনাব রাশাদ কবির উক্ত মডিউলসমূহের কাজসমূহ চলমান থাকায় প্রত্যেকটি মডিউলের জন্য মন্ত্রণালয়ের একজন করে ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়ন প্রদানের জন্য সভাপতিকে অনুরোধ জানান। এছাড়া এটুআই এর সাথে সভার মাধ্যমে সফটওয়্যারে UI Design নির্ধারণ করা হয়েছে। তা মন্ত্রণালয় হতে অনুমোদন করা প্রয়োজন। সভাপতি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভাকে অবহিত করেন। এটুআই এর প্রতিনিধি জনাব মুহাম্মদ ইউনুস আলী সরদার সভাকে জানান যে, এটুআই এর তত্ত্বাবধানে তৈরিকৃত সফটওয়্যার যেমন ই-নথি, জিআরএস, মুক্তপাঠ এর কতটুকু অংশ সফটওয়্যারে অন্তর্ভুক্ত করতে হবে সে বিষয়ে সভা করার জন্য পরামর্শক প্রতিষ্ঠানকে তারিখ দেয়া হয়েছে। সভা অনুষ্ঠানের পর যতটুকু অংশ সফটওয়্যারে অন্তর্ভুক্ত প্রয়োজন সে বিষয়ে মন্ত্রণালয়কে অবহিত করা হবে এবং মন্ত্রণালয় হতে এটুআইকে পত্র প্রেরণের মাধ্যমে তা সফটওয়্যারে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করতে হবে। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) পরামর্শক প্রতিষ্ঠান মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণের সাথে এবং এর আওতাধীন সংস্থাসমূহের প্রধানগণের সাথে আলোচনার মাধ্যমে ৭টি মডিউলের উত্থাপিত বিষয়সমূহ নিষ্পত্তি করবে।

খ) মন্ত্রণালয়ের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ ৭টি মডিউলের উপর পরামর্শক প্রতিষ্ঠানকে কারিগরী সহায়তা করবেন:

| ক্র.নং | মডিউলের বিষয় | কমিটি | |
|---|---|---|---|
| ১. | Schemes Service Management System | ১। যুগ্মসচিব (উন্নয়ন) | আহ্বায়ক |
| | | ২। উপসচিব (পরিকল্পনা-১) | সদস্য |
| | | ৩। সহকারী প্রোগ্রামার | সদস্য |
| | | ৪। সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন) | সদস্য-সচিব |
| ২. | Social Safety Net Service Management | ১। যুগ্মসচিব (সমন্বয়) | আহ্বায়ক |
| | | ২। সহকারী সচিব (সমন্বয়-১) | সদস্য |
| | | ৩। সহকারী প্রোগ্রামার | সদস্য |
| | | ৪। উপসচিব (সমন্বয়-২) | সদস্য-সচিব |

| ক্র.নং | মডিউলের বিষয় | কমিটি | |
|---|---|---|---|
| ৩. | NGOs Service Monitoring System | ১। যুগ্মসচিব (সমন্বয়)<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। উপসচিব (সমন্বয়-২) | আহ্বায়ক<br>সদস্য<br>সদস্য-সচিব |
| ৪. | Scholarship & Training Service Manangement System | ১। যুগ্মসচিব (পরিষদ)<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। উপসচিব (পরিষদ-১) | আহ্বায়ক<br>সদস্য<br>সদস্য-সচিব |
| ৫. | Accommodation Service Management System | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। উপসচিব (প্রশাসন-১) | আহ্বায়ক<br>সদস্য<br>সদস্য-সচিব |
| ৬. | License & NOC Service Management System | ১। যুগ্মসচিব (পরিষদ)<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। উপসচিব (পরিষদ-১) | আহ্বায়ক<br>সদস্য<br>সদস্য-সচিব |
| ৭. | Recruitment Service Management System | ১। যুগ্মসচিব (প্রশাসন)<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। উপসচিব (প্রশাসন-১) | আহ্বায়ক<br>সদস্য<br>সদস্য-সচিব |

গ) পরামর্শক প্রতিষ্ঠান এটুআই এর সাথে ই-নথি, জিআরএস, মুক্তপাঠ এর কতটুকু অংশ সফটওয়্যারে অন্তর্ভুক্ত করতে হবে সে বিষয়ে সভা আয়োজন করবে এবং সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে মন্ত্রণালয় হতে এটুআই কে পত্র প্রেরণ করা হবে।

ঘ) ই-নথি, জিআরএস, মুক্তপাঠ ইত্যাদি সফটওয়্যার ইন্টিগ্রেশন এর বিষয়ে এটুআই উদ্যোগ গ্রহণ করবে।

ঙ) পরবর্তীতে আলোচনা সাপেক্ষে UI Design অনুমোদন করা হবে।

৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৪/০৮/২০২২
(মোসাম্মৎ হামিদা বেগম)
সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

নং-২৯.০০.০০০০.২১৩.২৫.০০২.১৯ (খন্ড-১).৪৮৩ — তারিখঃ ২৪/০৮/২০২২ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

১। অতিরিক্ত সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনাব মো: ফরহাদ জাহীদ শেখ, চিফ স্ট্রাটেজিস্ট (ই-গর্ভনেন্স), এটুআই, আগারগাঁও, ঢাকা।
৪। উপসচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সহকারী সচিব (সকল), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬। সচিবের একান্ত সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী সচিব (সমন্বয়-১), পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। জনাব মুহাম্মদ ইউনুস আলী সরদার, টেকনোলজী এক্সপার্ট, এটুআই, আগারগাঁও, ঢাকা।
১০। জনাব অনিমেষ বাইন, এটুআই, আগারগাঁও, ঢাকা।
১১। Mr. Rashad Kabir, Managing Director, Dream 71 Bangladesh Ltd.
১২। Mr. S.H.M Arafat, Project Manager, Dream 71 Bangladesh Ltd.
১৩। Mr. Md. Amanullah Hoque, Software Developer, Dream 71 Bangladesh Ltd.

১৪। Mr. Md. Masud Rana, QA Engineer, Dream 71 Bangladesh Ltd.
১৫। Mr. Ashraf Siddiquee, Project Director, LEADS Corporation Ltd.
১৬। Mr. Zahid Hasan Khan, LEADS Corporation Ltd.
১৭। অফিস কপি।

28/06/2022
(সজল কান্তি বনিক)
উপসচিব
ফোনঃ ৫৫১০০৩১৪
Email: dsadmin@mochta.gov.bd